




নং- ৩৩.০০.০০০০.১০৭.০৫.০০১.১৯-১৩০

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪৩১
৩০ মে ২০২৪

বিষয়ঃ ২৯/০৫/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (বিএমসি) সভার কার্যবিবরণী প্রেরণ।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব (রুটিন দায়িত্ব) মহোদয়ের সভাপতিত্বে ২৯/০৫/২০২৪ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (বিএমসি) সভার কার্যবিবরণী পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে সভার কার্যবিবরণী।

 ৩০.০৫.২০২৪

মোহাম্মদ আহমেদ আলী

উপসচিব

ফোন নং-২২৩৩৮১০০৭

E-mail: ds_budget@mofl.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা নগর, ঢাকা (দৃষ্টি আকর্ষণঃ পরিচালক, কৃষি, পল্লী উন্নয়ন ও গবেষণা সেক্টর)।
২. অতিরিক্ত সচিব (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, ২৩-২৪, কাওরান বাজার, ঢাকা।
৪. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেইট, ঢাকা।
৫. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৬. ফুফুসচিব (বাজেট অধিশাখা-৬), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. ফুফুসচিব (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৯. মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
১০. উপসচিব (প্রশাসন-১ শাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি, মৎস্য বন্দর, চট্টগ্রাম।
১২. উপ-পরিচালক (উপসচিব), মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, ২৩-২৪, কাওরান বাজার, ঢাকা।
১৩. উপ-প্রধান, বন, মৎস্য ও প্রাণিজ সম্পদ উইং, কৃষি, পাণি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৪. উপ-প্রধান, কৃষি, শিল্প ও শক্তি এবং সমন্বয় উইং, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৫. রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
১৬. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট (আইসিটি), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অফিস কপি।

বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী

সভাপতি	: জনাব এটিএম মোস্তফা কামাল সচিব (রুটিন দায়িত্ব), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
সভার স্থান	: মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫১০ ও ৫১২, ভবন নং-৬)
তারিখ	: ২৯/০৫/২০২৪খ্রিঃ
সময়	: সকাল ১০.৩০ ঘটিকা
উপস্থিতির তালিকা	: পরিশিষ্ট-ক

সভাপতি সরাসরি ও ভার্চুয়াল প্ল্যাটফর্মে যুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন, সাধারণত বাজেট সংশ্লিষ্ট কাজে বাজেট ব্যবস্থাপনা কমিটির (বিএমসি) সভা অনুষ্ঠিত হয়। কিন্তু বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) প্রণয়ন, বাস্তবায়ন, মূল্যায়ন ও পরিবীক্ষণ নির্দেশিকা অনুযায়ী বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় এপিএ অনুমোদনের বাধ্যবাধকতা রয়েছে। এ পর্যায়ে তিনি সভার কার্যক্রম উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ের এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপসচিব (প্রশাসন-১) জনাব মো: আবদুর রহমান কে অনুরোধ করেন।

এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়নের বিষয়টি সরাসরি বাজেটের সাথে সম্পৃক্ত। মধ্য মেয়াদী বাজেট কাঠামোতে বাজেট প্রণয়নে যে ভিশন, মিশন, কৌশলগত উদ্দেশ্য, কার্যাবলি এবং কেপিআই ব্যবহৃত হয় অনুরূপভাবে একই ভিশন, মিশন, কৌশলগত উদ্দেশ্য, কার্যাবলি এবং কেপিআই অন্তর্ভুক্ত করে এপিএ প্রণয়নের নির্দেশনা রয়েছে। উপরোক্ত নির্দেশনা এবং মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রকাশিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) প্রণয়ন, বাস্তবায়ন, মূল্যায়ন ও পরিবীক্ষণ নির্দেশিকা ২০২৪-২৫ অনুযায়ী মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন করে গত ২৯ এপ্রিল ২০২৪ তারিখে এপিএএমএস সফটওয়্যারের মাধ্যমে দাখিল করা হয়। গত ০৮ মে ২০২৪ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগ দাখিলকৃত খসড়া এপিএ'র ওপর পর্যালোচনা সংক্রান্ত কর্মশালা আয়োজন করে। পর্যালোচনা সভার নির্দেশনা মোতাবেক মন্ত্রণালয়ের চূড়ান্ত খসড়া এপিএ প্রণয়ন করা হয়। প্রণীত চূড়ান্ত খসড়া এপিএ'তে ৫ (পাঁচ)টি কৌশলগত উদ্দেশ্যের বিপরীতে ২৫টি কার্যক্রম এবং ৪৬টি সূচক বিদ্যমান।


অতঃপর ফোকাল পয়েন্ট কর্মকর্তা চূড়ান্ত খসড়া এপিএ'তে অন্তর্ভুক্ত কার্যক্রম ও সূচকসমূহ ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত কার্যক্রম ও সূচক, সূচকের মান, সূচকের লক্ষ্যমাত্রা ইত্যাদি বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় অংশ নিয়ে এপিএ টিম লিডার ও অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব মো: আব্দুল কাইয়ুম বলেন, 'আইওটি বেইজড প্রদর্শনী মৎস্য খামার পরিদর্শন' সূচকটি নির্বাচনী ইশতেহার সংশ্লিষ্ট। এপিএ নির্দেশিকা অনুযায়ী নির্বাচনী ইশতেহার সংশ্লিষ্ট সূচকের ক্ষেত্রে কেবলমাত্র অসাধারণ ও অতি উত্তম এ দুটি লক্ষ্যমাত্রা নির্ধারণের কথা থাকলেও প্রণীত এপিএ'তে ৩টি স্কেলে লক্ষ্যমাত্রা উল্লেখ করা হয়েছে যার ব্যাখ্যা প্রয়োজন। এ বিষয়ে এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, কোন কোন সূচক নির্বাচনী ইশতেহারসহ একাধিক কর্মপরিকল্পনার সাথে সম্পৃক্ত বিধায় ৩টি স্কেলে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক পর্যালোচনা সভার সিদ্ধান্তের আলোকে অন্তর্ভুক্ত নতুন সূচকসহ সকল সূচকের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) উপস্থাপিত সূচকের বিষয়ে কারো কোন আপত্তি না থাকায় মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চূড়ান্ত খসড়া অনুমোদন করা হয়;

✓

খ) মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত নির্দেশনা (যদি থাকে) মোতাবেক এপিএ সংশোধন পূর্বক এপিএএমএস সফটওয়্যারের মাধ্যমে ৩০ মে ২০২৪ তারিখ রাত ১২.০০ টার মধ্যে দাখিল নিশ্চিত করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


৩০.০৫.২০২৪

(এটিএম মোস্তফা কামাল)

সচিব (রুটিন দায়িত্ব)

ও

সভাপতি

বাজেট ব্যবস্থাপনা কমিটি (বিএমসি)

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়